

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং: ৩৩.০১.০০০০.১১১.১৬.৬২৮.১৯-৮ ৫১০

তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রিঃ


বিষয়: Lumpy Skin Disease (LSD) প্রতিরোধে কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ -২ অধিশাখা এর স্মারক নং-৩৩.০০.০০০০.১১৮.১৫.৫৭০.১৯.৫২৫ তারিখ: ০৮ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বিভিন্ন স্থানে Sporadically LSD এর প্রাদুর্ভাব দেখা দেওয়ায় সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

- ১) রোগের বিস্তার রোধে অসুস্থ গরুকে সুস্থ গরু থেকে আলাদা রাখতে হবে।
- ২) অসুস্থ গরুকে রেজিস্টার্ড ভেট এর পরামর্শক্রমে চর্ম রোগের জন্য নির্দিষ্ট এন্টিবায়োটিক ও এন্টিহিস্টামিন দিয়ে চিকিৎসা প্রদান করতে হবে যাতে করে প্রাণীটি সেকেন্ডারী ব্যাকটেরিয়াল সংক্রমন থেকে মুক্ত থাকে।
- ৩) আক্রান্ত পশুর গায়ে পাতলা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে যেন মশামাছি প্রাণীর শরীরে না বসে।
- ৪) সুস্থ গরুকে LSD/ Goat pox টিকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
- ৫) সবসময় রোগটি নিবিড় পর্যবেক্ষনে রাখা এবং ইপিডেমিওলজি শাখাকে অবহিত করা।
- ৬) সুস্থ গরুকে পরিচর্যার পর অসুস্থ গরুকে পরিচর্যা করতে হবে এবং অসুস্থ গরুকে পরিচর্যার পর সবসময় পরিচর্যাকারীকে সাবান ব্যবহার করতে হবে।
- ৭) বর্জ্য ব্যবস্থাপনা এবং খামারের পরিবেশ উন্নত করতে হবে এবং

৮) **Guidelines for Clinical Management of Lumpy Skin Disease in Bangladesh** অনুসরণপূর্বক চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং টিকা প্রদান কার্যক্রম জোরদার করতে হবে।


(ডা: মো: এমদাদুল হক তালুকদার)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
E-mail: dgdls16@gmail.com

পরিচালক,
বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর,
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

কার্যার্থে বিতরণ:

- ১। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (আপনাকে উক্ত বিষয়ে নিয়মিত মনিটরিংয়ের জন্য অনুরোধ করা হ'লো।)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।